

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
কাকরাইল, ঢাকা-১০০০।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪-৪৬.২০৩.০০০০.০০১.৩৫.০০৫.৭০- ৩৪৭২

তারিখ: ২৬/০২/২০১৮ খ্রিঃ।

অফিস আদেশ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ের দপ্তরসহ ভবনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্দিষ্ট সময়ে অফিসে আগমন, অফিসে অবস্থান এবং সরকারী দায়িত্ব যথাযথভাবে পালনসহ অফিস চলাকালীন সময়ে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতিক্রমে অফিস ত্যাগ করার জন্য ইতোপূর্বে অনেকবার অত্র কার্যালয় হতে নির্দেশনা জারী করা হয়েছে। কিন্তু কোন কোন কর্মকর্তা/কর্মচারী জারীকৃত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করছেন না। যা মোটেই কাম্য নয়। লক্ষ্য করা যাচ্ছে যে, অধিদপ্তরের মাঠ পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলীসহ অনেক কর্মকর্তা/কর্মচারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ঢাকাস্থ প্রধান ভবনে আগমন করেন। অনেক ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তাও তার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীর অবস্থান সম্পর্কে অবগত থাকেন না।

এমতাবস্থায় সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলীসহ সকল কর্মকর্তা/কর্মচারীকে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ পূর্বক Station Leave করার জন্য এবং প্রধান ভবনে আগমনের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতিপত্র সঙ্গে রাখার জন্য নির্দেশ প্রদান করা হ'ল। অনুমতি ব্যতিত কোন কর্মকর্তা/কর্মচারী Station Leave করলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ রশিদুল হক)
প্রধান প্রকৌশলী

স্মারক নং ৪-৪৬.২০৩.০০০০.০০১.৩৫.০০৫.৭০- ৩৪৭২ (৫০০) তারিখ: ২৬/০২/২০১৮ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/পরিকল্পনা/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, -----।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ----- সার্কেল, -----।
- ৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ----- বিভাগ/জেলা, -----।
- ৫। প্রোগ্রামার, এম,আই,এস,ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা। অফিস আদেশটি অধিদপ্তরীয় ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হ'ল।
- ৬। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ----- HQ, -----।
- ৭। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ----- উপজেলা, -----।

(মোঃ রশিদুল হক)
প্রধান প্রকৌশলী